# রাষ্ট্রপতি নির্বাচন আয়োজনের প্রস্তুতি ইসির, শিগগিরই গেজেট



নির্বাচন কমিশনার নাসির উদ্দিন।ছবি: সংগৃহীত

রাষ্ট্রপতি নির্বাচন আয়োজনের জন্য নির্বাচন কমিশন (ইসি) প্রস্তুত রয়েছে বলে জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন। নির্বাচনের তারিখ ও সময় নির্ধারণের পর তা গেজেট আকারে প্রকাশ করা হবে বলেও জানিয়েছেন তিনি।

মঙ্গলবার (২৮ জুলাই) দুপুরে ভারপ্রাপ্ত স্পিকার কায়সার কামালের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের এসব তথ্য জানান সিইসি। তিনি বলেন, রাষ্ট্রপতি নির্বাচনের জন্য সংসদ সচিবালয়ের কাছে ভোটার তালিকা চাওয়া হয়েছে।

এর আগে সকাল ১১টার দিকে সংসদ ভবনে স্পিকারের কার্যালয়ে সিইসির সঙ্গে বৈঠক শুরু হয়। নিয়ম অনুযায়ী, রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল ঘোষণার আগে স্পিকারের সঙ্গে সাক্ষাৎ করেন প্রধান নির্বাচন কমিশনার।

সংসদ সদস্যদের ভোটেই রাষ্ট্রপতি নির্বাচিত হন। তাই নির্বাচনের জন্য সংসদ সচিবালয় থেকে সংসদ সদস্যদের নামের তালিকা নির্বাচন কমিশন সচিবালয়ে পাঠানো হবে।

LENS ASIA